গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০০২.২৫-২৬৮

তারিখ : ২৩ আশ্বিন ১৪৩২ / ০৮অক্টোবর ২০২৫

প্রজ্ঞাপন

যেহেতু, চুয়াডাঙ্গা জেলার জীবন নগর সাব-রেজিস্ট্রি অফিসের সাবেক সাব-রেজিস্ট্রার [বর্তমানে সাব-রেজিস্ট্রার, হাতিয়া, নোয়াখালী] জনাব নুরুল ইসলাম-এর বিরুদ্ধে চুয়াডাঙ্গা জেলার জীবন নগর সাব-রেজিস্ট্রার অফিসে কর্মরত থাকাকালে তাকে জেলা রেজিস্ট্রার কার্যালয়, চুয়াডাঙ্গা-এর গত ১০-০৪-২০২৫ খ্রি. তারিখের ১৩২(৭) নং স্মারকমূলে সদর সাব-রেজিস্ট্রার অফিস, চুয়াডাঙ্গা-এর দায়িত্বভার গ্রহণসহ সপ্তাহে দুই দিন উক্ত অফিসে অতিরিক্ত দায়িত্ব পালনের নির্দেশ দেওয়ার পর তিনি সদর সাব-রেজিস্ট্রার কার্যালয়, চুয়াডাঙ্গা-এর গত ১৩-০৪-২০২৫ খ্রি. তারিখের ২৩৪ (১০) নং স্মারকপত্রমূলে সদর সাব-রেজিস্ট্রার অফিস, চুয়াডাঙ্গা-এর দায়িত্বভার গ্রহণ করেও গত ২৪-০৪-২০২৫ খ্রি. পর্যন্ত ০৯ কার্যদিবসে একদিনও উক্ত কার্যালয়ের দায়িত্ব পালন করেননি এবং সেবা গ্রহীতাদের জন্য কোনো নোটিশ প্রচার কিংবা দায়িত্ব পালনে অপারগতা সম্পর্কে কর্তৃপক্ষকে অবহিত করেননি মর্মে জেলা রেজিস্ট্রার, চুয়াডাঙ্গা কর্তৃক উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ)-এ বর্ণিত 'অসদাচরণ'-এর অভিযোগে ০১/২০২৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করতঃ কেন তাঁকে 'চাকুরী হতে বরখাস্ত' করা হবে না বা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না মর্মে নোটিশ জারি করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব নুরুল ইসলাম কর্তৃক গত ৩১-০৭-২০২৫ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলের পর গত ১০-০৯-২০২৫ খ্রি. তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং তার দাখিলকৃত লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, তিনি জেলা রেজিস্ট্রার, চুয়াডাঙ্গা এর গত ১০-০৪-২০২৫ খ্রি. তারিখের ১৩২(৭) নং স্মারকমূলে জারিকৃত আদেশের আলোকে সাব-রেজিস্ট্রি অফিস, সদর, চুয়াডাঙ্গায় দায়িত্ব পালন করেননি;

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব নুরুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় ০১/২০২৫ নম্বর বিভাগীয় মামলায় তাঁকে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব, সাব-রেজিস্ট্রি অফিস, সদর, চুয়াডাঙ্গায় অতিরিক্ত দায়িত্বপালন না করার সময়ের স্বল্পতা, ইতো:পূর্বে শারীরিক অসুস্থতার দরুণ অতিরিক্ত দায়িত্ব পালনের দায় হতে অব্যাহতি চেয়ে জেলা রেজিস্ট্রার, চুয়াডাঙ্গা বরাবর তার একাধিক পত্র প্রেরণ এবং প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনান্তে উক্ত বিধিমালার বিধি ৪(২) মোতাবেক শাস্তি হিসেবে তাঁকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

৪। সেহেতু, চুয়াডাঙ্গা জেলার জীবন নগর সাব-রেজিস্ট্রি অফিসের সাবেক সাব-রেজিস্ট্রার [বর্তমানে সাব-রেজিস্ট্রার, হাতিয়া, নোয়াখালী] জনাব নুরুল ইসলাম-এর বিরুদ্ধে রুজুকৃত ০১/২০২৫ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব, সাব-রেজিস্ট্রি অফিস, সদর, চুয়াডাঙ্গায় অতিরিক্ত দায়িত্বপালন না করার সময়ের স্বল্পতা, ইতো:পূর্বে শারীরিক অসুস্থতার দরুণ অতিরিক্ত দায়িত্ব পালনের দায় হতে অব্যাহতি চেয়ে জেলা

রেজিস্ট্রার, চুয়াডাঙ্গা বরাবর তার একাধিক পত্র প্রেরণ এবং প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) মোতাবেক তাঁকে লঘুদণ্ড হিসাবে 'তিরস্কার' প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(লিয়াকত আলী মোল্লা)
সচিব ৮/১০/২৫

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০০২.২৫-২৬৮/১(১১)

তারিখ : ০৮-১০-২০২৫ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ নং আব্দুল গণি রোড, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৪. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৫. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৬. জেলা রেজিস্ট্রার, চুয়াডাঙ্গা/নোয়াখালী।
৭. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চুয়াডাঙ্গা/নোয়াখালী।
৮. জনাব জনাব নুরুল ইসলাম, সাব-রেজিস্ট্রার, হাতিয়া, নোয়াখালী, সাবেক সাব-রেজিস্ট্রার, জীবন নগর, চুয়াডাঙ্গা।
৯. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা/হাতিয়া, নোয়াখালী ।
১০. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. অফিস কপি/গার্ড ফাইল।

০৮.১০.২৫
(মোহাম্মদ আযিযুর রহমান)
সিনিয়র সহকারী সচিব